*অনুমোদিত: ২৫ এপ্রিল ২০১৭*

# এসডিজি বাস্তবায়নে নাগরিক প্ল্যাটফর্ম, বাংলাদেশ
# অংশীদারিত্বের নীতিমালা

## বাংলাদেশে এসডিজি বাস্তবায়নে নাগরিক প্ল্যাটফর্ম

১। এসডিজি বাস্তবায়নে নাগরিক প্ল্যাটফর্ম, বাংলাদেশ (অতঃপর 'প্ল্যাটফর্ম' হিসেবে বর্ণিত) নাগরিক সংগঠন, বেসরকারি সংস্থা ও ব্যক্তিবর্গের একটি সম্মিলিত উদ্যোগ। বাংলাদেশে টেকসই উন্নয়ন অভীষ্ট (এসডিজি)'কে অংশগ্রহণমূলক, অন্তর্ভুক্তিমূলক ও জবাবদিহিমূলক প্রক্রিয়ায় বাস্তবায়নের মাধ্যমে ফলপ্রসূ করতে অবদান রাখা এর মূল উদ্দেশ্য। এসডিজি'র *অভীষ্ট-১৬: শান্তি, ন্যায়বিচার ও কার্যকর প্রতিষ্ঠান* এর উপর বিশেষ গুরুত্ব দিয়ে এই প্ল্যাটফর্ম জাতীয় ও স্থানীয় পর্যায়ের সকল অংশীজনের সাথে নিবিড়ভাবে সম্পৃক্ত হয়ে উন্নয়ন প্রক্রিয়ায় 'বাদ যাবে না কেউ'- এই অঙ্গীকার বাস্তবায়নে সচেতনতা, চাহিদা ও সক্ষমতা তৈরি ও বৃদ্ধিতে কাজ করবে। ১৮ জুন ২০১৬ প্ল্যাটফর্মের কোর গ্রুপ কর্তৃক গৃহীত ধারণাপত্রের* আলোকে এর সকল কার্যক্রম পরিচালিত হচ্ছে।

## সংজ্ঞা

২। উল্লিখিত ধারণাপত্রের আলোকে উক্ত প্ল্যাটফর্মের ম্যান্ডেট ও উদ্দেশ্য বাস্তবায়নে যৌথ কর্মসূচি/কার্যক্রম গ্রহণ করার ক্ষেত্রে এই অংশীদারিত্বের নীতিমালা প্রযোজ্য হবে। এখানে 'অংশীদারিত্ব' বলতে বাংলাদেশে এসডিজি'র কাঙ্ক্ষিত ফলাফল অর্জনের লক্ষ্যে গৃহীত সুনির্দিষ্ট কার্যক্রম/কর্মসূচি বাস্তবায়নে প্রাতিষ্ঠানিক পর্যায়ে পারস্পরিক সহযোগিতা, অংশগ্রহণ, যৌথ উদ্যোগ বা পৃষ্ঠপোষকতা এবং এর সাথে সংশ্লিষ্ট বিষয়াদির সম্পর্ককে বোঝাবে। একইভাবে 'অংশীদার' বলতে অংশীদারিত্বের জন্য এই প্ল্যাটফর্মে অন্তর্ভুক্ত হয়েছে এমন বেসরকারি সংগঠন ও ব্যক্তিমালিকানাধীন প্রতিষ্ঠানকে বোঝাবে।

## অংশীদারিত্বের শর্তাবলি

৩। প্ল্যাটফর্মের সচিবালয় বরাবর লিখিত অনুরোধের প্রেক্ষিতে এর কোর গ্রুপের অনুমোদন সাপেক্ষে এসডিজি-এর স্পৃহার সাথে সামঞ্জস্যপূর্ণ বেসরকারি ও ব্যক্তিমালিকানা নির্ভর খাতের সংগঠনের অংশীদারিত্ব অনুমোদিত হবে। ব্যক্তিখাতের সাথে সহযোগিতাপূর্ন কার্য্যক্রম হবে। কিন্তু স্বার্থের সংঘাতের আশঙ্কাকে এড়িয়ে চলতে হবে। প্ল্যাটফর্মের উদ্দেশ্যসমূহের বাস্তবায়নই হবে এই অংশীদারিত্বের মূল লক্ষ্য।

৪। প্ল্যাটফর্মের এসডিজি বাস্তবায়নের ক্ষেত্রে স্থানীয় সরকার গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করতে পারে। তৃণমূল পর্যায়ে কার্যক্রমের ক্ষেত্রে স্থানীয় সরকারের বিভিন্ন সংস্থাসমূহকে সম্পৃক্ত করা হবে।

৫। প্ল্যাটফর্মে অন্তর্ভুক্ত হতে আগ্রহী সংগঠনের অবশ্যই বাংলাদেশে কার্যক্রম পরিচালনার আইনগত ভিত্তি থাকতে হবে। অংশীদার হওয়ার সকল আবেদন লিখিত অনুরোধ প্রাপ্তির তিন মাসের মধ্যে এর কোর গ্রুপের সিদ্ধান্তের জন্য প্রস্তুত করা হবে। প্ল্যাটফর্মের উদ্দেশ্যের সাথে প্রাসঙ্গিক এবং আগ্রহী প্রতিষ্ঠানের আইনগত বৈধতা, বিশ্বাসযোগ্যতা ও সুনামের বিষয়টি এই সিদ্ধান্ত গ্রহণ প্রক্রিয়ায় বিশেষ গুরুত্ব পাবে। কোর গ্রুপ প্ল্যাটফর্মের অংশীদারিত্ব লাভের যেকোনো আবেদন অনুমোদন বা বাতিলের অধিকার সংরক্ষণ করে।

৬। প্ল্যাটফর্ম মনে করে এসডিজি বাস্তবায়নের ক্ষেত্রে যুবসমাজের ভূমিকা অত্যন্ত গুরুত্বপূর্ণ। একারণে বিভিন্ন কার্য্যক্রমের সাথে যুবসমাজকে সম্পৃক্তকরণের ক্ষেত্রে বিশেষ নজর দেয়া হবে।

৭। প্ল্যাটফর্মটি অংশীদারদের সাথে প্ল্যাটফর্ম সংশ্লিষ্ট যেকোনো বিষয় বা আয়োজনে অংশগ্রহণ করবে এবং সংশ্লিষ্ট অংশীদারকে কার্যক্রম/বিষয়ভিত্তিক প্রযোজ্য সহযোগিতা করবে। অংশীদার সংগঠনগুলোও এই প্ল্যাটফর্মের বিভিন্ন আয়োজনে

---

* http://bdplatform4sdgs.net/wp-content/uploads/2016/08/Concept-Note-on-Citizens-Platform-for-SDGs-Bangladesh_English.pdf

অংশগ্রহণ এবং প্রযোজ্য ক্ষেত্রে কার্যক্রম/বিষয়ভিত্তিক প্রয়োজনীয় সহযোগিতা করবে। অংশীদার সংগঠন বা প্ল্যাটফর্মের নেতৃত্বে কোনো যৌথ উদ্যোগে সম্ভাব্য পারস্পরিক সহযোগিতার একটি চেকলিস্ট *সংযুক্তি-১* আকারে নিম্নে সংযোজন করা হলো।

৮। প্ল্যাটফর্মের উদ্দেশ্য বাস্তবায়নের লক্ষ্যে অংশীদার সংগঠনগুলো পরস্পরের অনুষ্ঠানে অংশগ্রহণ এবং প্রযোজ্য ক্ষেত্রে কার্যক্রম/বিষয়ভিত্তিক প্রয়োজনীয় সহযোগিতা করতে পারে। এক্ষেত্রে প্রয়োজনীয় যোগাযোগ রক্ষা ও অ্যাডভোকেসির স্বার্থে প্ল্যাটফর্মের সচিবালয়কে সংশ্লিষ্ট উদ্যোগ সম্পর্কে অবহিত রাখার জন্য অংশীদার সংগঠনগুলোকে উৎসাহিত করা হচ্ছে।

৯। সকল অংশীদার সম্পূর্ণ সেচ্ছাসেবার ভিত্তিতে প্ল্যাটফর্মের সাথে সম্পৃক্ত। পারস্পরিক সমঝোতার ভিত্তিতে সংঘটিত কার্যক্রম বা অনুষ্ঠানের ব্যয়ভার যৌথভাবে বহন ব্যতিরেকে কোনোভাবে আর্থিক লেনদেনের সুযোগ প্ল্যাটফর্ম বা অংশীদারদের নেই। অংশীদার সংগঠনের বাস্তবায়িত কার্যক্রমের ব্যয়ভার অন্য কোনো অংশীদার সংগঠন বা প্ল্যাটফর্ম বহন করতে বাধ্য নয়। একইভাবে প্ল্যাটফর্মের বাস্তবায়িত কার্যক্রমের ব্যয়ভার কোনো অংশীদার সংগঠন বহন করতে বাধ্য নয়। পারস্পরিক সমঝোতার ভিত্তিতে আয়োজিত উদ্যোগ ছাড়া প্ল্যাটফর্মটি এর এক বা একাধিক অংশীদার সংগঠনের একক বা সম্মিলিত কোনো কার্যক্রমের জন্য তহবিল সংগ্রহের দায়িত্ব নিবে না বা কোনোরূপ তহবিল প্রদান করবে না।

১০। প্ল্যাটফর্মে সকল অংশীদার সমান সুযোগের ভিত্তিতে সম্পৃক্ত থাকবে এবং প্রাতিষ্ঠানিক, পেশাগত, আর্থিক ও অন্যান্য ক্ষেত্রে একে অন্যের অবদানকে যথোপযুক্ত স্বীকৃতি দিবে।

১১। প্ল্যাটফর্ম এবং এর সকল অংশীদার সংগঠন একক ও সম্মিলিতভাবে নিজেদের প্রাতিষ্ঠানিক কর্মকাণ্ডে *এসডিজি-১৬* এর অভীষ্ট স্বচ্ছতা ও জবাবদিহিতার মানদণ্ডের সাথে সম্পূর্ণ সামঞ্জস্যপূর্ণ চর্চা করবে।

১২। প্ল্যাটফর্মের নাম ও লোগো ব্যবহারের অধিকার অংশীদার সংগঠনের প্ল্যাটফর্মভুক্ত হওয়ার অনুমোদন প্রাপ্তি সাপেক্ষে এবং অংশীদারিত্বের ব্যপ্তিকাল ও এর উদ্দেশ্যের মধ্যেই সীমাবদ্ধ থাকবে।

১৩। এই অংশীদারিত্বের ফলে প্রাতিষ্ঠানিক ও কর্মসূচির ক্ষেত্রে প্ল্যাটফর্ম ও অংশীদার প্রতিষ্ঠানের স্বকীয়তা ও স্বাধীনতা খর্ব হবে না অথবা একে অন্যকে কোনো কিছু করতে বাধ্য করবে না। একইভাবে এটি কোনো প্রতিষ্ঠানের নিজস্ব ম্যান্ডেট ও কার্যক্রমকে প্রভাবিত করবে না এবং অন্যের পরিচালনা, ব্যবস্থাপনা, আর্থিক স্বাধীনতা ও স্বনির্ভরতার উপর প্রভাব বিস্তার করবে না।

১৪। এই প্ল্যাটফর্ম এমন কোনো অংশীদারিত্বে সম্পৃক্ত হবে না বা কোনো অংশীদার সংগঠনের সাথে এমন কোনো সম্পর্কে জড়াবে না যা প্ল্যাটফর্মের সুনাম ও এর বিশ্বাসযোগ্যতাকে ক্ষুণ্ন করে। এই অংশীদারিত্ব কোনো প্রকার দলীয় ও সাম্প্রদায়িক উদ্দেশ্য, ধারণা, বিশ্বাস বা অবস্থানকে ধারণ বা সমর্থন করবে না।

১৫। এই অংশীদারিত্ব প্ল্যাটফর্ম তথা অংশীদার সংগঠনগুলোর বর্তমান বা ভবিষ্যৎ নিয়োগ, ব্যবসা, আর্থিক বা এ জাতীয় অন্য কোনো বৈষয়িক স্বার্থসংশ্লিষ্ট সুবিধা বা সম্পর্কের উন্নয়নের জন্য ব্যবহৃত হবে না।

১৬। প্ল্যাটফর্মের স্বার্থে ঝুঁকিপূর্ণ মনে হলে যেকোনো সময় কোনো অংশীদার সংগঠনের অংশীদারিত্ব বাতিল করার অধিকার প্ল্যাটফর্ম সংরক্ষণ করে। অংশীদারিত্ব লাভের পর কোনো অংশীদার সংগঠনের ইচ্ছাকৃত বা অনিচ্ছাকৃত কার্যক্রম দ্বারা প্ল্যাটফর্মের সুনাম ক্ষতিগ্রস্ত হলে বা এরূপ কোনো অপচেষ্টার বিষয় প্রমাণিত হলে কোর গ্রুপের সিদ্ধান্ত সাপেক্ষে প্ল্যাটফর্ম এ ধরনের অংশীদারিত্ব বাতিল করতে পারবে। সেক্ষেত্রে পরবর্তীতে একই সংস্থার সাথে প্ল্যাটফর্ম আর কোনো অংশীদারিত্বে সম্পৃক্ত হবে না।

১৭। এই নীতিমালায় যেকোনো ধরণের পরিবর্তন/পরিমার্জন-এর ক্ষেত্রে কোর গ্রুপ-এর অনুমোদন নিতে হবে এবং সেই মোতাবেক সকল অংশীদারের সম্মতি গ্রহণ করতে হবে।

**সংযুক্তি-১**

## সহযোগিতার চেকলিস্ট

### অংশীদার সংগঠনের নেতৃত্বে যৌথ অনুষ্ঠানের জন্য

- অতিথি বা অংশীজনের তালিকা তৈরিতে পরামর্শ (প্রয়োজন সাপেক্ষে)
- আমন্ত্রণপত্র প্রস্তুতে পরামর্শ (প্রয়োজন সাপেক্ষে)
- উদ্বোধনী অনুষ্ঠানে বক্তব্য প্রদানের জন্য কোর গ্রুপের ন্যূনতম একজন সদস্যের অংশগ্রহণ নিশ্চিত করা
- বহির্যোগাযোগে প্ল্যাটফর্মের করণীয়
    - প্ল্যাটফর্মের ওয়েবসাইটে অনুষ্ঠানের তথ্য উপস্থাপন
    - অনুষ্ঠানের সংবাদ পরিবেশনে, বিশেষ করে প্ল্যাটফর্মের অংশীদার সংগঠনের সংবাদ পরিবেশনে পরামর্শ প্রদান
    - অনুষ্ঠান সম্পর্কিত বিভিন্ন উপকরণের আদান-প্রদান
    - বিভিন্ন ওয়ার্কশপে বক্তব্য প্রদানের জন্য সংশ্লিষ্ট বিশেষজ্ঞগণের নাম প্রস্তাব করা
    - অনুষ্ঠানের খবর এই প্ল্যাটফর্মের অন্যান্য অংশীদার প্রতিষ্ঠানকে জানানো, যাতে প্রযোজ্য ক্ষেত্রে সংশ্লিষ্ট কর্মসূচির বিষয়ে তারাও অবদান রাখতে পারে
    - গণমাধ্যম বিষয়ে সহযোগিতা (চলমান কাভারেজ বিষয়ে)

### অংশীদার সংগঠনের নিকট থেকে প্ল্যাটফর্মের প্রত্যাশা (আয়োজন/যৌথ আয়োজনের ক্ষেত্রে)

- অনুষ্ঠানের ভেন্যু, খাবার, লজিস্টিকস্, প্রস্তুতি, আমন্ত্রণপত্র বিতরণ, অংশগ্রহণকারী নিশ্চিতকরণে সহায়তা;
- অনুষ্ঠানে বিতরণের জন্য প্রস্তুতকৃত যোগাযোগ উপকরণে এবং ব্যাপড্রপ ব্যানারে লোগোসহ ব্র্যান্ডিং নিশ্চিত করা; এবং
- ঢাকার বাইরে আয়োজিত অনুষ্ঠানের ক্ষেত্রে যথাযথ আবাসন ও অন্যান্য লজিস্টিক্সের ক্ষেত্রে সহায়তা করা।